

আইকিউএসসি-এর উদ্যোগে গ্যাস্ট্রোএন্টারোলজি বিভাগের পিয়ার রিভিউ মিটিং অনুষ্ঠিত

ইন্সটিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসসি)-এর উদ্যোগে গ্যাস্ট্রোএন্টারোলজি বিভাগের পিয়ার রিভিউ মিটিং আজ ৯ নভেম্বর ২০১৭, বৃহস্পতিবার, সকাল ৯টায় মাননীয় উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। সভায় সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, বিদেশী এক্সপার্ট প্রফেসর রমেশ ভিমুগানতি, গ্যাস্ট্রোএন্টারোলজি বিভাগের অধ্যাপক ডা. মোঃ হাসান মাসুদ, অধ্যাপক ডা. মোঃ আনোয়ারুল কবীর, আইকিউএসসি-এর অতিরিক্ত পরিচালক সহযোগী অধ্যাপক ডা. হরষিত কুমার পাল, গ্যাস্ট্রোএন্টারোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. চঞ্চল কুমার ঘোষ, সহযোগী অধ্যাপক ডা. মোঃ রাজীবুল আলম, ন্যাশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স এক্সপার্ট ডা. মোঃ রফিকুল ইসলাম, সাবজেক্ট এক্সপার্ট ডা. বিমল চন্দ্র শীল প্রমুখ।